



UNIVERSITY OF NORTH BENGAL  
B.A. Programme 1st Semester Examination, 2019

DSC1-BENGALI

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.  
Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

**The question paper contains DSC-1A & DSC-1B.  
Candidates are required to answer any one from the two courses and  
they should mention it clearly on the Answer Book.**

DSC-1A

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) ফোর্ট উইলিয়াম কলেজ কত খ্রীষ্টাব্দে কার উদ্যোগে প্রতিষ্ঠিত হয়? এই কলেজ প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?
- (খ) 'বীরবল' কার ছদ্মনাম? তিনি কত খ্রীষ্টাব্দে কোন্ পত্রিকার সম্পাদনা করেছিলেন?
- (গ) 'প্রফুল্ল' কার রচিত? এটি কোন শ্রেণীর নাটক? নাটকটির নায়ক চরিত্রের নাম লেখো।
- (ঘ) প্রাচীন যুগের বাংলা ভাষার তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- (ঙ) অপিনিহিতি কাকে বলে? উদাহরণসহ বুঝিয়ে দাও।
- (চ) উদাহরণসহ অর্ধতৎসম শব্দ কাকে বলে বুঝিয়ে দাও।

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) বিহারীলাল চক্রবর্তীকে বাংলা গীতিকবিতার ইতিহাসে 'ভোরের পাখি' বলা হয় কেন?
- (খ) দ্বিজেন্দ্রলাল রায়ের ঐতিহাসিক নাটকগুলি সম্পর্কে একটি সংক্ষিপ্ত আলোচনা করো।
- (গ) টীকা লেখোঃ (যে-কোনো দুটি)  
মেঘনাদবধ কাব্য, চোখের বালি, সখবার একাদশী।
- (ঘ) স্বরাগম কাকে বলে? বিভিন্ন প্রকার স্বরাগমের উদাহরণসহ পরিচয় দাও।
- (ঙ) আদি মধ্যযুগের বাংলা ভাষার কালসীমা উল্লেখ করো। এই যুগের বাংলা ভাষার কয়েকটি সাহিত্যিক নিদর্শন নির্দেশ করে এই ভাষার প্রধান বৈশিষ্ট্যগুলি লেখো।
- (চ) টীকা লেখোঃ (যে-কোনো দুটি)  
কৃতবাণ শব্দ, শ্রুতিধ্বনি, ধ্বনি পরিবর্তনের মানসিক কারণ।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে 'বাংলা গদ্যের জনক' বলা যায় কিনা যুক্তিসহ আলোচনা করো।

- (খ) বঙ্কিমচন্দ্রের উপন্যাসগুলির শ্রেণীবিভাগ করে ইতিহাসাশ্রিত উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।  
(গ) শব্দার্থ পরিবর্তন বলতে কী বোঝো? শব্দার্থ পরিবর্তনের ধারাগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো।  
(ঘ) উপভাষা কাকে বলে? বাংলা ভাষায় কয়টি উপভাষা ও কী কী? যে কোনো একটি উপভাষার বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

### DSC-1B

#### বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তাঁর 'বেতাল পঞ্চবিংশতি', 'সীতার বনবাস' ও 'দ্রাষ্ট্রবিলাস' - গ্রন্থগুলি কোন্ কোন্ গ্রন্থ অনুসরণে রচনা করেন?
- (খ) মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য', 'বীরঙ্গনা কাব্য' এবং 'চতুর্দশপদী কবিতাবলী' - রচনাগুলি কী ধরনের কাব্য ও এগুলির রচনাকাল উল্লেখ করো।
- (গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বাংলা ভাষায় মোট কয়টি উপন্যাস লিখেছেন? তাঁর রচিত চারটি উপন্যাসের নাম লেখো।
- (ঘ) 'জনা', 'মেবার পতন', 'নবান্ন' - রচনাকাল ও রচয়িতার নাম লেখো।
- (ঙ) বাংলা ভাষার প্রাচীন, মধ্য ও আধুনিক যুগের কালসীমা নির্দেশ করো।
- (চ) বিপ্রকর্ষ কাকে বলে? উদাহরণসহ বিপ্রকর্ষ বিষয়টি বুঝিয়ে দাও।

#### বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) গদ্য-শিল্পী প্রমথ চৌধুরীর সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (খ) রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগুলিকে কয়টি পর্যায়ে বিভক্ত করা হয়? এই পর্যায়গুলির মধ্যে যে-কোনো একটি পর্যায়ের সংক্ষেপে আলোচনা করো।
- (গ) সংক্ষিপ্ত টীকা লেখো: গোরা, পদ্মানদীর মাঝি।
- (ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের স্বদেশ প্রেমমূলক নাটকগুলির পরিচয় দাও।
- (ঙ) বাংলা শব্দভাষার বিদেশী উপাদানগুলি সম্পর্কে আলোচনা করো।
- (চ) তোমার অঞ্চলে প্রচলিত উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

#### বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১২×২ = ২৪
- (ক) ফোর্ট উইলিয়াম কলেজ কে, কবে, কী উদ্দেশ্যে প্রতিষ্ঠা করেন? বাংলা গদ্যের বিকাশে এই কলেজের অবদান আলোচনা করো।
- (খ) বাংলা নাটকের ইতিহাসে মধুসূদন দত্তের অবদান আলোচনা করো।
- (গ) শব্দের অর্থ পরিবর্তনের কারণ কী? শব্দের অর্থ পরিবর্তনের প্রধান প্রধান ধারাগুলি দৃষ্টান্তসহযোগে আলোচনা করো।
- (ঘ) রেখচিত্রসহ বাংলা ভাষা উদ্ভবের ইতিহাস বর্ণনা করো।

—x—